দৈনিক বাংলা

C54

তারিখ 07 JUL 1987
পৃষ্ঠা ৮ কলাম ১

২২শে আষাঢ় ১৩৯৪বং

# শিক্ষার মান রক্ষায় সরকার সংকল্পবদ্ধ : মাহবুব

॥ স্টাফ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, শিক্ষাঙ্গনে যতই বোমাবাজি, মিছিল হোক না কেন—শিক্ষার মান রক্ষায় সরকার বদ্ধপরিকর। তিনি আরও জানান যে পরীক্ষায় গণটোকাটুকি, লেখাপড়া

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## মাহবুব

(প্রথম পৃঃ পর)

না করে সনদ পাওয়া ইত্যাদি বন্ধ করতে পদক্ষেপ নেয়া হচ্ছে।

মন্ত্রী গতকাল সোমবার শিশু একাডেমীর জিয়াউর রহমান মিলনায়তনে জাতীয় ছাত্র পরিষদের ছাত্র বিগেড কর্মসূচীর উদ্বোধন করেন। এতে আরও বক্তৃতা করেন শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার মিলন ও শিক্ষা সচিব এম এ সাঈদ। চ্যান্সেলরের ছাত্র বিষয়ক উপদেষ্টা ও জাতীয় ছাত্র পরিষদের সমন্বয়কারী রফিকুল হক হাফিজ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

মন্ত্রী মাহবুবুর রহমান বলেন, শিক্ষা কমিশন কাজ করছে। চলতি আর্থিক বছরে মেধাবী ছাত্র-ছাত্রীদের দশ কোটি টাকার বৃত্তি দেয়া হবে। এছাড়া কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শেষ পর্যায়ের আর্থিকভাবে সঙ্গতিহীন মেধাবী শিক্ষার্থীদের জন্যে চলতি বছর থেকেই শিক্ষাঋণ প্রকল্প চালু করা হবে।